গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সংশ্লিস্ট তথ্যাদি প্রেরণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৬.১৬.০০১.২১-২১৪; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (সংসদ শাখা); তাং ৩১ আগস্ট ২০২১ খ্রি।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত ২০ এপ্রিল, ২০১০ খ্রি. তারিখে অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দেশের সকল স্কুল/কলেজ/মাদ্রাসা/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য একটি ট্রাস্ট ফান্ড গঠন করার প্রয়োজনীয়তা উল্লেখ করে স্বহস্তে একটি লিখিত নির্দেশনা প্রদান করেন। যার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ পাস হয়। ট্রাস্ট আইন, ২০১২ এর ৩(১) উপ-ধারার বিধান অনুযায়ী মে ২০১২ খ্রিস্টাব্দে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট নামে একটি 'ট্রাস্ট' স্থাপন করা হয়। এ আইনের ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ সদস্যবিশিষ্ট একটি 'উপদেষ্টা পরিষদ' গঠন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান ও ট্রাস্টি বোর্ড এর প্রধান পৃষ্ঠপোষক। উক্ত আইনের ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৬ সদস্যবিশিষ্ট একটি 'ট্রাস্টি বোর্ড' গঠন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ড এর সভাপতি।

**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে স্থানান্তর:**

মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের সানুগ্রহ নির্দেশনা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত সকল উপবৃত্তি কার্যক্রম ০১ জুলাই ২০২০ খ্রি. তারিখ হতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে পরিচালনার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে **সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র (HSP)** কার্যক্রম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২০-২১ অর্থবছর থেকে পরিচালনা করা হচ্ছে।

**ক) স্নাতক ও সমমান পর্যায়ে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ**


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২০-২১ অর্থবছরে স্নাতক ও সমমান পর্যায়ে ১,৮২,১০৩ (এক লক্ষ বিরাশি হাজার একশত তিন) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৯৭,০৯,৮৫,৫৮০ (সাতানব্বই কোটি নয় লক্ষ পচাশি হাজার পাঁচশত আশি) টাকা মোবাইল ব্যাংকিং ও অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে বিতরণ করা হয়।




[ছবি-১ ও ২: বিগত ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান কর্মসূচি উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় প্রান্তে সংযুক্ত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী।]

**খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২০-২১ অর্থবছরে মাধ্যমিক পর্যায়ে ৩২,৭১,০৫৯ (বত্রিশ লক্ষ একাত্তর হাজার ঊনষাট) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৮৭০,০৮,২৫,৫৫০ (আটশত সত্তর কোটি আট লক্ষ পচিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬,৫২,১০৭ (ছয় লক্ষ বায়ান্ন হাজার একশত সাত) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষার্থীদের মাঝে ৪৭৮,৩১,০৯,৭০০ (চারশত আটাত্তর কোটি একত্রিশ লক্ষ নয় হাজার সাতশত) টাকা মোবাইল ব্যাংকিং ও অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে বিতরণ করা হয়।






[ছবি-৩ ও ৪: বিগত ২২ জুন ২০২১ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তির অর্থ বিতরণের উদ্বাধনী আনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় প্রান্তে সংযুক্ত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব।]



[ছবি-৫: বিগত ২২ জুন ২০২১ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তির অর্থ বিতরণের উদ্বাধনী আনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীসহ শিক্ষা সংশ্লিষ্ট কর্মকতাগণ সংযুক্ত ছিলেন]।

**গ) শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে ভর্তি সহায়তা প্রদান**

উপবৃত্তি বিতরণের পাশাপাশি ২০২০-২১ অর্থবছরে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির ৫০৩ জন দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীকে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা হিসেবে ৩৩,৮৮,০০০ (তেত্রিশ লক্ষ আটাশি হাজার) টাকা প্রদান করা হয়।

**ঘ) দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসায় এককালীন চিকিৎসা অনুদান প্রদান**

২০২০-২১ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য ১৩ জন শিক্ষার্থীকে এককালীন চিকিৎসা অনুদান হিসেবে ৫,৮০,০০০ (পাঁচ লক্ষ আশি হাজার) টাকা প্রদান করা হয়।


**ঙ) উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান**


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. কোর্সে মাসিক ১০,০০০ (দশ হাজার) টাকা (দুই বছর মেয়াদে) এবং পিএইচ.ডি. কোর্সে মাসিক ১৫,০০০ (পনের হাজার) টাকা (তিন বছর মেয়াদে) হারে ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে। ২০২০-২১ অর্থবছরে এম.ফিল. কোর্সে ১৪ জন গবেষককে ১৩,২০,০০০ (তের লক্ষ বিশ হাজার) টাকা এবং পিএইচ.ডি. কোর্সে ১৪ জন গবেষককে ১৬,২০,০০০ (ষোল লক্ষ বিশ হাজার) টাকা ফেলোশিপ ও বৃত্তি বাবদ প্রদান করা হয়।

**চ) শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা ও উপবৃত্তি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন**

২০২০-২১ অর্থবছরে 'শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা ও উপবৃত্তি বাস্তবায়ন' বিষয়ক ৪০টি প্রশিক্ষণ কর্মশালা জেলা পর্যায়ে আয়োজন করা হয়। ট্রাস্টের অংশীজন হিসাবে বর্ণিত কর্মশালায় জেলা প্রশাসন, জেলা শিক্ষা অফিস, উপজেলা প্রশাসন, সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট

জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার বক্তিবর্গ অংশগ্রহণ করেন। দিনব্যাপী আয়োজিত উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা নিশ্চিত করার জন্য উপবৃত্তি বিতরণ সংক্রান্ত নানা বিষয় আলোচনা হয়। প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের মাধ্যমে প্রকৃত দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রী নির্বাচন ও তাদের মাঝে উপবৃত্তি ও আর্থিক সহায়তা প্রদান কার্যক্রমসমূহ আরো সহজতর হয়।





[ছবি-৬ ও ৭: 'শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা ও উপবৃত্তি বাস্তবায়ন' বিষয়ক জেলা পর্যায়ে ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালা বিগত ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে উদ্বোধন করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মো: মাহবুব হোসেন।]

## ছ) অভ্যন্তরীন প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন

সরকারি কর্মচারীদের জন্য বছরে নূন্যতম ৫০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের নির্দেশনার আলোকে ২০২০-২১ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদেকে ১৩ কার্যদিবসে ৭৮-জনঘন্ট প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা হয়।

## জ) বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী জাতীয় বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক মুজিব শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২০ প্রণয়ন করা হয়। প্রণীত নির্দেশিকার আলোকে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের মধ্যে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ের মনোনীত ১৩ জন অনন্য মেধাবী শিক্ষার্থীকে এককালীন ৩ লক্ষ টাকার একাউন্ট পে-চেক, ১টি সার্টিফিকেট ও ১টি ক্রেস্ট প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়।



*[ছবি: ৮ বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২০ প্রণয়ন সংক্রান্ত সভার উপস্থিতি*

বাংলাদেশেল মানুয়ের জীবনযাত্রার মানোন্নয়নসহ সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং) এর একটি হচ্ছে শিক্ষা সহায়তা কার্যক্রম; এ সহায়তা কার্যক্রমের প্রাতিষ্ঠানিক রূপ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। শিক্ষার্থী ঝরে পড়ার হার হ্রাস, নারী শিক্ষার উন্নয়ন ও শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ০২-৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd